

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ অধিশাখা)

নং-৪৬.৪২.০১৪.১০.০১.০১০.২০১৪.২৬

তারিখঃ ০৪/১/২০১৬।


বিষয়ঃ প্রকল্পের নাম পরিবর্তনপূর্বক বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ে শরীয়তপুর জেলা পরিষদের ১/১১/২০১৫ তারিখের জেপ-শরীয়ত/প্রকৌঃ/গ-১/২০১৫/৬৯০ নং স্মারকে প্রাপ্ত পত্রের ছায়াছবি এতদসঙ্গে প্রেরণ করা হলো। শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন জাজিরা প্রতিবন্ধী স্কুল নির্মাণ প্রকল্পটি সরজমিনে পরিদর্শনপূর্বক নিম্নে বর্ণিত তথ্যাদিসহ আগামী ১৫ (পনের) দিনের মধ্যে আবশ্যিকভাবে সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- ১) প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা কে;
- ২) প্রকল্পটি জেলা পরিষদের নিজস্ব জমিতে বাস্তবায়ন করা হবে কি না; অন্য কোন সংস্থার জমিতে নির্মাণ করা হলে সেক্ষেত্রে প্রয়োজনীয় জমি জেলা পরিষদের অনুকূলে দলিলমূলে হস্তান্তর করা হয়েছে কিনা;
- ৩) প্রতিবন্ধী স্কুলটি কি ভাবে পরিচালিত হয় ;এর আয়ের উৎস কি; ভবিষ্যতে কিভাবে পরিচালিত হবে;
- ৪) বর্ণিত প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দ দেয়া হয়েছে কিনা; হয়ে থাকলে কোন অর্থ বছরে কি পরিমাণ বরাদ্দ দেয়া হয়েছে; বরাদ্দকৃত অর্থ কি কি কাজ বাস্তবায়ন করা হয়েছে তার তালিকা ও সচিত্র প্রতিবেদন প্রেরণ;
- ৫) বর্ণিত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে কিনা।

সংযুক্তিঃ বর্ণনামতে।

পরিচালক
স্থানীয় সরকার, ঢাকা।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

অনুলিপিঃ (জ্ঞাতার্থে /কার্যার্থে) :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, শরীয়তপুর।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শরীয়তপুর।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।